

**নির্বাচন কমিশন**  
**বাংলাদেশ**  
**নির্বাচন কমিশন সচিবালয়**  
 শেরেবাংলা নগর, ঢাকা।  
[www.ec.org.bd](http://www.ec.org.bd)

তারিখঃ ১১ ফেব্রুয়ারি ২০১৬

**সংবাদ বিজ্ঞপ্তি**

আগামী ২২ মার্চ ২০১৬ তারিখে ১ম পর্যায়ে ৭৫২টি ইউনিয়ন পরিষদের ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে। সারাদেশে ৪,৫৪৬টি ইউনিয়ন পরিষদের মধ্যে চলতি বছরে মেয়াদ উত্তীর্ণ হবে এরূপ ৪,২৭৫টি ইউনিয়ন পরিষদের নির্বাচন মোট ৬টি পর্যায়ে অনুষ্ঠান করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

নির্বাচন কমিশনের নির্দেশ মোতাবেক জেলা নির্বাচন কর্মকর্তাগণ তাদের এলাকার ইউনিয়ন পরিষদ নির্বাচনের বিস্তারিত সময়সূচি নির্ধারণ করে গেজেট প্রজ্ঞাপন জারি করবেন। প্রথম পর্যায়ের ইউনিয়ন পরিষদ নির্বাচনের বিস্তারিত সময়সূচি নিম্নরূপঃ-

মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	২২ ফেব্রুয়ারি ২০১৬
দাখিলকৃত মনোনয়নপত্র বাছাই	:	২৩-২৪ ফেব্রুয়ারি ২০১৬
আপিল দাখিল	:	২৫-২৭ ফেব্রুয়ারি ২০১৬
আপিল নিষ্পত্তি	:	২৮ ফেব্রুয়ারি-০১মার্চ ২০১৬
মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ তারিখ	:	০২ মার্চ ২০১৬
প্রতীক বরাদ্দ	:	০৩ মার্চ ২০১৬
ভোট গ্রহণ	:	২২ মার্চ ২০১৬


সময়সূচি নির্ধারণকালে চলমান এসএসসি ও সমমানের পরীক্ষা এবং আসন্ন এসএইচসি ও সমমানের পরীক্ষা যাতে ব্যাহত না হয় তা বিবেচনায় নেয়া হয়েছে।

এই প্রথমবার ইউনিয়ন পরিষদ নির্বাচনে চেয়ারম্যান পদের নির্বাচন দলীয় ভিত্তিতে অনুষ্ঠিত হচ্ছে। চেয়ারম্যান পদে নির্বাচনে শুধুমাত্র নিবন্ধিত রাজনৈতিক দলের মনোনীত প্রার্থী ও স্বতন্ত্র প্রার্থীগণ প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন। রাজনৈতিক দলের মনোনীত চেয়ারম্যান প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট রাজনৈতিক দলের সভাপতি বা সাধারণ সম্পাদক বা সমপর্যায়ের পদাধিকারী বা তাদের নিকট হতে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির স্বাক্ষরিত এই মর্মে একটি প্রত্যয়নপত্র থাকবে যে, উক্ত প্রার্থীকে উক্ত দল হতে মনোনয়ন দেয়া হয়েছে। স্বতন্ত্রভাবে চেয়ারম্যান পদে নির্বাচনে ইচ্ছুকদের শুধুমাত্র মনোনয়নপত্র দাখিল করতে হবে।

কোন রাজনৈতিক দল কোন ইউনিয়ন পরিষদ নির্বাচনে চেয়ারম্যান পদে একাধিক ব্যক্তিকে মনোনয়ন প্রদান করতে পারবে না, রাজনৈতিক দল কর্তৃক একাধিক ব্যক্তিকে মনোনয়ন প্রদান করা হলে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদে উক্ত দলের সকল প্রার্থীর মনোনয়নপত্র বাতিল বলে গণ্য হবে। সংশ্লিষ্ট রাজনৈতিক দল তার ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির নাম, পদবি, নমুনা স্বাক্ষরসহ একটি পত্র তফসিল ঘোষণার ০৭ (সাত) দিনের মধ্যে রিটার্নিং অফিসারের নিকট দাখিল করবে এবং উক্ত পত্রের একটি অনুলিপি নির্বাচন কমিশনে প্রেরণ করবে।

ইউনিয়ন পরিষদ নির্বাচনে শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখার জন্য পর্যাপ্ত সংখ্যক আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য এবং ম্যাজিস্ট্রেট নিয়োগ করা হবে।

নির্বাচন কমিশন ইউনিয়ন পরিষদ নির্বাচন সুষ্ঠু, অবাধ ও শান্তিপূর্ণ ভাবে অনুষ্ঠানের লক্ষ্যে সকল রাজনৈতিক দল, প্রার্থী, কর্মী-সমর্থকসহ সকলের সহযোগিতা কামনা করছে।

  
 এস এম আসাদুজ্জামান  
 পরিচালক (জনসংযোগ)  
 ফোনঃ ৯১৮০৮১২